

C.U.

BENGALI (HONOURS) QUESTION PAPERS (PART I&II)—2014

PART-I

প্রথম পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

(বাংলা সাহিত্যের ইতিহাস)

১। (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথির আবিষ্কার, আবিষ্কার কাল, স্থান, মূল নাম ও খণ্ড সংখ্যা উল্লেখ করো। এই পুঁথিটির কাব্যমূল্য বিচার করো। ৫+১০

অথবা, (খ) মধ্যযুগীয় বাংলা সাহিত্যের ধারায় আরাবকান রাজসভা সাহিত্যের অভিনবত্ব কোথায়? এই সূত্রে আলাওলের কবিকৃতি আলোচনা করো। ৫+১০

২। যে-কোনো দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও : — ৫×২
চর্যাপদ, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীকৃষ্ণবিজয়, লোরচন্দ্রাণী, শিবায়ন।

৩। (ক) বাংলা প্রবন্ধের ইতিহাসে প্রমথ চৌধুরীর অবদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১৫

অথবা, (খ) আধুনিক বাংলা কাব্যের ইতিহাসে কবি বিহারীলাল চক্রবর্তীর কাব্যকৃতির মূল্যায়ন করো। ১৫

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) : ৫×২
ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়, সংবাদ প্রভাকর, বলাকা, পদাতিক, পরিচয়।

৫। (ক) বাংলা নাটক ও প্রহসন রচনায় মধুসূদন দত্তের কৃতিত্ব বিচার করো। ১৫
অথবা, (খ) বাংলা উপন্যাসের ধারায় আশাপূর্ণাদেবীর গুরুত্ব বিচার করো। ১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) : ৫×২
কপালকুণ্ডলা, গোরা, লালশালু, ছেঁড়া তার, জনা।

(বাংলা ভাষার ইতিহাস)

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্যভারতীয় আর্যভাষার বিবর্তন কীভাবে হয়েছে আলোচনা করো। ১৫

অথবা, (খ) উপভাষা কাকে বলে? উদাহরণসহ বঙ্গালী ও রাঢ়ী উপভাষা দুটির বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ৩+(৬+৬)

৮। (ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি) : ৫×২
নাসিক্যাভবন, স্বরভক্তি, সমীভবন, মধ্যস্বরলোপ, অপিনিহিতি।

অথবা, (খ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো (যে-কোনো পাঁচটি) : ২×৫
কানু, আলমারি, সুখি, শাউড়ি, হেডপাণ্ডিত, মোকদ্দমা, পাদুকা, লাটসাহেবি, ছুঁচো,

ইঁদারা।